

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পরিকল্পনা-১ শাখা।  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০৯৩.০১৪.০১.০০.৪৩৪.২০১৮-৭৬

তারিখ: ১৯ মাঘ ১৪২৭  
০২ ফেব্রুয়ারি ২০২১


**বিষয়: “কেশবপুর-সাগরদাড়ি মধু সড়ক উন্নয়ন” শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “কেশবপুর-সাগরদাড়ি মধু সড়ক উন্নয়ন” শীর্ষক প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে মোট ৩২.০০ কোটি (বত্রিশ কোটি) টাকা প্রাক্কলিত ব্যয় এবং জুলাই ২০১৯ হতে জুন ২০২১ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত গত ২০/১০/২০১৯ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। ডিসেম্বর ২০২০ পর্যন্ত প্রকল্পটি ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি ১৫% এবং আর্থিক অগ্রগতি ২.০৬ কোটি টাকা (৬.৪৪%)।

২। প্রকল্পটি বাস্তবায়নের শুরুতে প্রকল্প এলাকা যথাযথ সার্ভে, প্ল্যান, ডিজাইন ও প্রাক্কলন প্রস্তুতপূর্বক দরপত্র আহবানের প্রাক্কালে কোভিড-১৯ ভাইরাসজনিত কারণে দরপত্র গ্রহণে বিলম্ব হওয়ায় প্রকল্পভুক্ত সকল পূর্তকাজ নির্ধারিত সময়ে সমাপ্ত হবে না বিধায় প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদকাল ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০১ (এক) বছর অর্থাৎ জুন ২০২২ পর্যন্ত বৃদ্ধির প্রয়োজন। এ বিষয়ে গত ২৩/১২/২০২০ তারিখে অনুষ্ঠিত প্রজেক্ট স্টিয়ারিং কমিটির সভায় প্রকল্পটির মেয়াদ ০১ (এক) বছর বৃদ্ধির বিষয়ে সুপারিশ করা হয়েছে (সংযুক্তি-১)।

৩। এমতাবস্থায়, এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন “কেশবপুর-সাগরদাড়ি মধু সড়ক উন্নয়ন” শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ০১ (এক) বছর অর্থাৎ জুলাই ২০১৯ হতে জুন ২০২১ এর পরিবর্তে জুলাই ২০১৯ হতে জুন ২০২২ পর্যন্ত বৃদ্ধির বিষয়ে সম্মতি/মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তিঃ মেয়াদ বৃদ্ধির নির্ধারিত ছক ০১ (এক) প্রস্থ।

  
(মুহাম্মদ আমিন শরীফ)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৭৫৮০১২  
[planning1.lgd@gmail.com](mailto:planning1.lgd@gmail.com)

সচিব

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

শেরে বাংলা নগর, ঢাকা।

(দৃঃ আঃ মহাপরিচালক, স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন সেক্টর)

অনুলিপি:

- ১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৫। মহাপরিচালক/যুগ্মসচিব (পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।